

তিন ছাত্রলীগ নেতার বিচার দাবি কর্মবিরতিতে চবি প্রশাসন অচল

চবি প্রতিনিধি

১০ এপ্রিল ২০২৩ ১২:০০

এএম | আপডেট: ৯ এপ্রিল

২০২৩ ১০:২০ পিএম

বঙ্গবন্ধু মন্ত্রণালয়
আমাদের মন্ত্রণা

advertisement

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ছাত্রলীগের তিন নেতার বিচার দাবিতে কর্মবিরতি শুরু করেছেন কর্মকর্তা-কর্মচারীরা। এতে অচল হয়ে পড়ে প্রশাসনিক কার্যক্রম। গতকাল রবিবার সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত চবির অফিসার সমিতির কার্যালয়ে এ কর্মসূচি পালন করা হয়। বিচার না হলে সামনে আরও কঠোর কর্মসূচির ঘোষণা দেওয়া হয়।

advertisement

অভিযুক্ত তিন ছাত্রলীগ নেতা হলেন- বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সহসভাপতি মোফাজ্জল হায়দার ইবনে হোসাইন, নজরুল ইসলাম ও সাদেক হোসেন। মোফাজ্জল শাটল ট্রেনের বগিভিত্তিক সংগঠন সিঙ্ক্রিটি নাইনের অনুসারী। আর নজরুল শাটল ট্রেনের বগিভিত্তিক

আরেক সংগঠন বিজয় গ্রুপের ও সাদেক ভার্সিটি এক্সপ্রেস উপপক্ষের অনুসারী হিসেবে পরিচিত।

advertisement

গত বুধবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় স্টোরে থাকা পুরনো মালামাল দরপত্র ছাড়াই নিয়ে যাওয়ার চেষ্টার অভিযোগ ওঠে শাখা ছাত্রলীগের একাধিক নেতাকর্মীর বিরুদ্ধে। এ ছাড়া তাদের বিরুদ্ধে চবির স্টোরপ্রধান রশীদুল হায়দার জাভেদকে হেনস্টারও অভিযোগ ওঠে। ঘটনার বিচার চেয়ে ছাত্রলীগের তিন নেতার নাম উল্লেখ করে গত বৃহস্পতিবার উপাচার্য শিরীণ আখতারকে চিঠি দেয় অফিসার সমিতি। চিঠিতে ২৪ ঘণ্টার মধ্যে বিচার করা না হলে কর্মবিরতিতে যাওয়ার ঘোষণা দেওয়া হয়। পূর্বসিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) কেন্দ্রীয় স্টোরে হামলার চেষ্টায় অভিযুক্ত তিন ছাত্রলীগ নেতার বিচারের দাবিতে কর্মবিরতি পালন করছেন কর্মকর্তা-কর্মচারীরা।

অফিসার সমিতির সাধারণ সম্পাদক মুহাম্মদ হামিদ হাসান বলেন, তদন্ত কমিটির কাজের স্বার্থে তারা সোমবার ও পরদিন মঙ্গলবার কর্মবিরতি স্থগিত রাখবেন। এর মধ্যে সুরাহা না হলে বুধবার থেকে আবার কর্মবিরতিতে যাবেন।

অভিযুক্ত মোফাজ্জল বলেন, অফিসার সমিতির অভিযোগ সত্য নয়। গত বুধবার আমরা অফিসার সমিতির সভাপতিকে ইফতার মাহফিলের দাওয়াত দিতে কেন্দ্রীয় স্টোর শাখায় গিয়েছিলাম। এ বিষয়ে বিচার চেয়ে আমি আজ (রবিবার) প্রক্টর কার্যালয়ে চিঠি দিয়েছি।

ছাত্রলীগের তিন নেতার বিরুদ্ধে ওঠা অভিযোগ তদন্তে পাঁচ সদস্যের একটি কমিটি করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গত শুক্রবার সকালে এই কমিটি করা হয়। কমিটির আহ্বায়ক চবির ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) পরিচালক আবদুল্লাহ মামুন। সদস্যসচিব করা হয় সহকারী প্রক্টর হাছান মুহাম্মদ রোমানকে। কমিটিকে তিন কর্মদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

সহকারী প্রক্টর হাছান মুহাম্মদ রোমান বলেন, দুপক্ষেরই সাক্ষাৎকার নেওয়া হচ্ছে। তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন জমা দেব।